দৈনিক
আমাদের সময়

তারিখ ... 30 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৬ ......

# শিক্ষানীতি শিক্ষার্থীদের ধর্মীয় মূল্যবোধ থেকে দূরে ঠেলে দেবে

## – ডা. জাফরুল্লাহ চৌধুরী

**নিজস্ব প্রতিবেদক ●**

গণস্বাস্থ্যের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেছেন, সরকারের শিক্ষানীতি শিক্ষার্থীদের ধর্মীয় মূল্যবোধ থেকে দূরে ঠেলে দেবে। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে এক মানববন্ধনে তিনি এ কথা বলেন। ইসলামবিরোধী শিক্ষানীতি বাতিল ও বিতর্কিত পাঠ্যসূচি সংশোধনের দাবিতে আদর্শ নাগরিক আন্দোলন এ মানববন্ধনের আয়োজন করে। ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেন, ভারতীয় অপসংস্কৃতি দেশে প্রচারের ফলে যেমন আমাদের নিজস্ব সংস্কৃতি বিলীন হয়ে যাচ্ছে, ঠিক তেমনি সরকারের শিক্ষানীতি বাস্তবায়ন হলে শিক্ষার্থীরা ধর্মীয় মূল্যবোধ থেকে দূরে চলে যাবে। মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নের তাগিদ দিয়ে তিনি বলেন, মাদ্রাসা শিক্ষা আধুনিকায়ন হলে ইসলাম এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## শিক্ষানীতি শিক্ষার্থীদের

(৩ এর পৃষ্ঠার পর) নিয়ে এক শ্রেণির লোকের অযথা সমালোচনা কমে যাবে। মাদ্রাসা শিক্ষার্থীদের শুধু আরবি শিক্ষা নয়, তার সঙ্গে বাংলা, ইংরেজি, অঙ্কসহ সব শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। বাংলাদেশে ৯০ ভাগ মানুষ মুসলমান। এ দেশে অন্যান্য সংখ্যালঘুরাও রয়েছে। তার মানে এই নয় যে আমরা সংখ্যালঘুদের ওপর নির্যাতন করব।